

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০৫২.৯৯.০৪৩.২২. ৩০৪


তারিখ : ১৭ এপ্রিল ২০২৫

বিষয়: কৃষি ডিপ্লোমাধারী শিক্ষার্থীগণের উচ্চ শিক্ষা গ্রহণের লক্ষ্যে স্বতন্ত্র শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৮টি কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট এ অধ্যয়নরত শিক্ষার্থীগণ সম্প্রতি তাদের ০৮ দফা দাবী বাস্তবায়নের জন্য কর্মসূচি প্রদান করে। শিক্ষার্থীদের দাবীসমূহের মধ্যে অন্যতম দাবী ডিপ্লোমা কৃষিবিদদের উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ প্রদান।

বর্তমানে দেশে সরকারী পর্যায়ে ১৮টি এবং বেসরকারী পর্যায়ে আরো ১৬৪টি কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট রয়েছে। উক্ত প্রতিষ্ঠানসমূহে ০৪ বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা কোর্স চালু রয়েছে। প্রতিবছর সরকারি প্রতিষ্ঠান হতে প্রায় ২৫০০ জন শিক্ষার্থী এবং বেসরকারী প্রতিষ্ঠান হতেও প্রায় সমসংখ্যক শিক্ষার্থী কৃষি ডিপ্লোমা কোর্স সম্পন্ন করে। কিন্তু ডিপ্লোমা কোর্স সম্পন্নের পর উচ্চ শিক্ষা গ্রহণে তাদের জন্য স্বতন্ত্র কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই। পলিটেকনিক ইনস্টিটিউট হতে উত্তীর্ণ প্রকৌশল ডিপ্লোমাধারীগণের জন্য ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (DUET), গাজীপুর হতে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ রয়েছে। কিন্তু কৃষি ডিপ্লোমাধারী আগ্রহী ও মেধাবী শিক্ষার্থীগণের উচ্চ শিক্ষা গ্রহণের জন্য অনুরূপ কোন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান নেই। এ প্রেক্ষিতে কৃষি ডিপ্লোমাধারীগণের উচ্চ শিক্ষার জন্য DUET এর আদলে একটি স্বতন্ত্র শিক্ষা প্রতিষ্ঠান কিংবা কৃষিতে স্নাতক ডিগ্রি প্রদানের লক্ষ্যে একটি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান গঠন করা প্রয়োজন। কৃষি ডিপ্লোমাধারীদের উচ্চ শিক্ষার জন্য স্বতন্ত্র শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করা হলে আরো অধিক সংখ্যক মেধাবী শিক্ষার্থীরা কৃষি বিষয়ে শিক্ষা গ্রহণে আগ্রহী হবে এবং কৃষির উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখতে সক্ষম হবে।

এমতাবস্থায়, উপরোক্ত বিষয়টি বিবেচনাপূর্বক কৃষি ডিপ্লোমাধারী শিক্ষার্থীগণের উচ্চ শিক্ষার দ্বার উন্মোচনের লক্ষ্যে স্বতন্ত্র একটি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোঃ মাসুদ উদ্দিন
উপসচিব
ফোন-৫৫১০০৯১৫

ই-মেইল-extension1.moa@gmail.com

সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- ০১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ০২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় জ্ঞাতার্থে)।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।